# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৩০১

১/ বিবিধ

---

আরবী

طلب الحلال جهاد، وإن الله يحب المؤمن المحترف

ضعيف

أخرجه محمد بن مخلد في " فوائده " من طريق ابن فضيل عن ليث عن مجاهد عن ابن عباس مرفوعا

وكذا رواه القضاعي في " مسند الشهاب " (9/2/89/2) وكتب بعض الحفاظ وأظنه ابن المحب، كتب على الهامش بجانبه: ساقط

قلت: وعلته ليث وهو ابن أبي سليم، ضعيف كان اختلط

ومن طريقه أخرج الشطر الأول منه ابن عدي في " الكامل " (312/1) لكنه جعله من مسند ابن عمر. وهو رواية لابن مخلد بالشطر الثاني فقط

وكذلك أورده ابن أبي حاتم في " العلل " (2/128) وقال عن أبيه: هذا حديث منكر

وللشطر هذا طريق أخرى عن ابن عمر أخرجه ابن عدي (24/1) من طريق أبي الربيع

السمان عن عاصم بن عبيد الله عن سالم عنه

وكذلك أخرجه الطبراني في " الكبير " (3/193/2) وفي " الأوسط " (رقم - 9097)

والباغندي في " حديث شيبان وغيره " (190/1) وقال الطبراني: لا يروى عن ابن عمر إلا بهذا الإسناد، تفرد به أبو الربيع

قلت: واسمه أشعث بن سعيد السمان وهو متروك كما في " التقريب

ومن هذا التخريج يتبين تقصير الهيثمي بإعلاله الحديث بعاصم فقط! قال في " المجمع " (4/62) : " رواه الطبراني في " الكبير " و" الأوسط " وفيه عاصم بن عبيد الله وهو ضعيف
وإن كان لابد من الاقتصار في الإعلال على أحدهما فإعلاله بأبي الربيع أولى لأنه أضعف الرجلين. وقد ساق الذهبي الحديث في ترجمته في جملة ما أنكر عليه من الأحاديث

বাংলা

১৩০১। হালাল অনুসন্ধান করা জিহাদের অন্তর্ভুক্ত। আর আল্লাহ্ তাআলা ব্যবসায়ী মুমিনকে ভালবাসেন।

হাদীসটি দুর্বল।

হাদীসটিকে মুহাম্মাদ ইবনু মিখলাদ তার “ফাওয়াইদ” গ্রন্থে ইবনু ফুযায়েল সূত্রে লাইস হতে, তিনি মুজাহিদ হতে, তিনি ইবনু আব্বাস (রাঃ) হতে মারফূ’ হিসেবে বর্ণনা করেছেন।

অনুরূপভাবে কাযাঈ “মুসনাদুশ শিহাব” গ্রন্থে (৯/২/৮৯/২) এবং কোন কোন হাফিযের গ্রন্থে আমার ধারণা তিনি হচ্ছেন ইবনুল মুহিব্ব বর্ণনা করেছেন এবং টীকাতে লিখেছেন হাদীসটি সাকেত।

আমি (আলবানী) বলছিঃ হাদীসটির সমস্যা হচ্ছে লাইস ইবনু আবী সুলাঈম। তিনি দুর্বল, তার মস্তিষ্ক বিকৃতি ঘটেছিল।

তার সূত্রেই হাদীসের প্রথম অংশটি ইবনু আদী “আল-কামেল” গ্রন্থে (১/৩১২) উল্লেখ করেছেন। তবে ইবনু উমার (রাঃ)-এর মুসনাদের অন্তর্ভুক্ত করেছেন। এটি ইবনু মিখলাদ কর্তৃক বর্ণিত হাদীসটির শুধুমাত্র দ্বিতীয় অংশ।

অনুরূপভাবে ইবনু আবী হাতিমও “আল-ইলাল” গ্রন্থে (২/১২৮) হাদীসটি উল্লেখ করে তার পিতার উদ্ধৃতিতে বলেছেনঃ এ হাদীসটি মুনকার।

এ দ্বিতীয় অংশটি ইবনু উমার (রাঃ) হতে অন্য সূত্রেও বর্ণিত হয়েছে। এটিকে ইবনু আদী (১/২৪, ১/৩৭৮) আবুর রাবী সাম্মান সূত্রে আসেম ইবনু ওবাইদিল্লাহ হতে, তিনি সালেম হতে, তিনি ইবনু উমার (রাঃ) হতে বর্ণনা করেছেন।

অনুরূপভাবে ত্বাবারানী "আল-কাবীর" গ্রন্থে (৩/১৯৩/২) এবং “আল-আওসাত” গ্রন্থে (৯০৯৭) ও বাগেন্দী “হাদীসু শিবইয়ান অ-গায়রিহি” গ্রন্থে (১/১৯০) বর্ণনা কলেছেন। ত্বাবারানী বলেনঃ ইবনু উমার (রাঃ) হতে একমাত্র এ

সনদেই বর্ণনা করা হয়ে থাকে।

আমি (আলবানী) বলছিঃ আবুর রাবী’র নাম হচ্ছে আশয়াস ইবনু সাঈদ আস-সাম্মান। তিনি মাতরূক যেমনটি “আত-তাকরীব” গ্রন্থে এসেছে।

এর ব্যাখ্যার দ্বারা স্পষ্ট হচ্ছে যে, হায়সামী যে শুধুমাত্র বর্ণনাকারী আসেম ইবনু ওবাইদুল্লাকে দুর্বল আখ্যা দিয়ে হাদীসটির সমস্যা হিসেবে উল্লেখ করেছেন তা অসম্পূর্ণ।

কারণ যদি একজনকে সমস্যা হিসেবে উল্লেখ করা হয় তাহলে এর জন্য বেশী উপযোগী হচ্ছে আবুর রাবী’। কারণ তিনিই দু’জনের মধ্যে বেশী দুর্বল। হাফিয যাহাবী তার জীবনীতে কতিপয় মুনকার হাদীস উল্লেখ করেছেন এটি সেগুলোর একটি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72180

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন